গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-২৮৩    তারিখ : ২৬ডিসেম্বর, ২০২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা (২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব), এইচএসসি (ভোকেশনাল)-একাদশ ও দ্বাদশ শ্রেণি, এসএসসি (ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) - নবম ও দশম শ্রেণি শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা' ,২০২৩ এর আলোকে নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | প্রি-ভোকেশনাল ৬ষ্ঠ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) ভর্তির সন/সেশন ২০২৪ নির্বাচন করতে হবে;<br>(গ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের ডাটা এন্ট্রি করতে হবে। |
| ০২ | প্রি-ভোকেশনাল ৭ম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।<br>(খ) নতুন ভর্তিকৃত শিক্ষার্থী বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS-এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি ৭ম নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে। |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| | | | (ঙ) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে/নতুন ভর্তি হয়ে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে। |
| ০৩ | প্রি-ভোকেশনাল ৮ম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।<br>(খ) নতুন ভর্তিকৃত শিক্ষার্থী বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরুপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি ৮ম নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঙ) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে/নতুন ভর্তি হয়ে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে। |
| ০৪ | এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।<br>(খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ)যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle)উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরুপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি ৯ম নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঙ)ভর্তির সন/সেশন-যে বছর থেকে নবম শ্রেণিতে ক্লাস শুরু হয়েছে সেটাকে নির্ধারণ করতে হবে। |
| ০৫ | এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।<br>(খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরুপ শিক্ষার্থীর ক্ষেত্রে |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| | | | তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি ১০ম নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঙ)ভর্তির সন/সেশন-যে বছর থেকে নবম শ্রেণিতে ক্লাস শুরু হয়েছে সেটাকে নির্ধারণ করতে হবে। |
| ০৬ | এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) এসএসসি'র ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) সকল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ থেকে যারা এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে পুনরায় একই প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে (তারা যদি উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়) তাদের ক্ষেত্রে শ্রেণি ১০ম থেকে একাদশ শ্রেণিতে আপডেট করতে হবে;<br>(গ) যে সকল শিক্ষা অন্যান্য প্রতিষ্ঠান থেকে তাঁর প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে, সে ক্ষেত্রে নতুন ভর্তিকৃত শিক্ষার্থী যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে। |
| ০৭ | এইচএসসি (ভোকেশনাল) দ্বাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।<br>(খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরুপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি দ্বাদশ নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে যাদের একাদশ শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঙ)ভর্তির সন/সেশন-যে বছর থেকে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হয়েছে সেটাকে নির্ধারণ করতে হবে। |
| ০৮ | ডিপ্লোমা ২য় পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) | জানুয়ারি-জুন, ২০২৪ | (ক) পূর্ববর্তী পর্বের ফলাফলের ভিত্তিতে এবং সেমিস্টার ফাইনাল শুরু হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে প্রথমবারের মতো উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) পূর্বে এন্ট্রিকৃত তথ্যের জন্য ডিপ্লোমা ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব থেকে যথাক্রমে ডিপ্লোমা ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে আপডেট করতে হবে;<br>(ঘ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি অথচ চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরুপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই পর্ব যথাক্রমে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ অথবা ৮ম নির্বাচন করতে হবে;<br>(ঙ) বিগত জুলাই-ডিসেম্বর,২০২৩ মেয়াদে যাদের উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে। |
| ০৯ | ডিপ্লোমা ৪র্থ পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ) | জানুয়ারি-জুন, ২০২৪ | |
| ১০ | ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ) | জানুয়ারি-জুন, ২০২৪ | |
| ১১ | ডিপ্লোমা ৮ম পর্ব (২০২০-২১ শিক্ষাবর্ষ) | জানুয়ারি-জুন, ২০২৪ | |

২। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যে সকল শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে প্রতিপালন করতে হবে:
ক) গড়ে কমপক্ষে ৪০% নম্বর পেয়ে সকল বিষয়ে উত্তীর্ণ হয়ে বর্তমানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যায়নরত থাকতে হবে, রেফার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের বিবেচনায় নেওয়া যাবে না (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে সত্যায়িত মাকর্সীট জমা নিতে হবে) ;
খ) হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে(শ্রেণি শিক্ষকের হাজিরার হার উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে);
গ) অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে (সরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে );
ঘ) ২ এর ক,খ,ও গ এ উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী উপবৃত্তির জন্য বিবেচিত হবে।

৩। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী বাছাইয়ে অনুসরণীয় ধাপসমূহ:
ক) সকল নিয়মিত শিক্ষার্থীর নিকট থেকে আবেদন আহ্বান করে প্রতিষ্ঠান প্রধান বিজ্ঞপ্তি প্রকাশ করবেন;
খ) প্রতিষ্ঠান প্রধান সকল বিভাগীয় প্রধানদের নিয়ে সভা করে যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের প্রক্রিয়া বুঝিয়ে দিবেন এবং শিক্ষকদের মধ্যে দায়িত্ব বন্টন করবেন;
গ) বিভাগীয় প্রধানগণ তালিকা প্রস্তুত করে অধ্যক্ষের নিকট জমা দিবেন;
ঘ) প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান ভিত্তিক বাছাই কমিটির মাধ্যমে তালিকা অনুমোদন করে MIS ID (যাদের এন্ট্রি পূর্বে সম্পন্ন হয়েছে) ,পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার ও হাজিরার শতকরা হারসহ প্রকাশ করতে হবে, তালিকায় কোনো প্রকার অসঙ্গতি থাকলে প্রতিষ্ঠান ভিত্তিক বাছাই কমিটির সদস্যগণ দায়ী থাকবেন;
ঙ) শর্তপূরণকারী সকল শিক্ষার্থীর মাধ্যমে SAF( Student Application Form) পূরণ করিয়ে নিতে হবে (জন্ম নিবন্ধন সনদে নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালি ভেরিফাইড, পিতা, মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভেরিফাইড, মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভেরিফাইড এবং সক্রিয় হতে হবে);
চ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত সকল তথ্য জমাকৃত ডকুমেন্টের সাথে মিলিয়ে দেখে সংশোধনের ব্যবস্থা নিয়ে SAF (Student Application Form)- এ " এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে স্বাক্ষর করাতে হবে;
ছ) যারা ইতোপূর্বে উপবৃত্তি পেয়েছে এ সকল শিক্ষার্থীদের ক্ষেত্রেও তাদের পূর্বে পুরণকৃত SAF( Student Application Form)- এ " এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে চলমান তারিখে স্বাক্ষর করাতে হবে একইসাথে বিভাগীয় প্রধান ও প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন ;
জ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ ডকুমেন্ট সহ ফরম বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন;
ঝ) প্রতিষ্ঠান প্রধান নির্ধারিত শিক্ষকের মাধ্যমে ডাটা এন্ট্রির ব্যবস্থা নিবেন;
ঞ) ডাটা এন্ট্রির পূর্বে অবশ্যই প্রতিষ্ঠান কনফিগারেশনের অধীন শিক্ষার্থী তথ্য আপডেট করতে হবে অন্যথায় উপবৃত্তি প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৩। বিজ্ঞপ্তিটি ভালোভাবে পড়ে উল্লিখিত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবে। ডাটা এন্ট্রি সংক্রান্ত ভুলভ্রান্তির জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪। উল্লেখ্য,(ক) নতুন এন্ট্রিকৃত এ সকল ডাটা সংশ্লিষ্ট RDO অফিসে DTE Stipend MIS এর মাধ্যমে প্রেরণ করতে হবে;
(খ) একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে শুধুমাত্র একটি ডাটাই প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবে না;
(গ) প্রতিষ্ঠানের শিক্ষার্থী বাছাই কমিটি কর্তৃক শিক্ষার্থীর তালিকা অনুমোদন সংক্রান্ত রেজুলেশন MIS এর ভেতর Configuration > Institute Setup > Institute List > Edit > Attachment>Others অংশে Upload (pdf form এ) করে দিতে হবে।

৫। শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:
(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;
(খ) একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(গ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক সচল করার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে হবে এবং মোবাইল অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভেরিফাই করিয়ে নিতে হবে;

(ঘ) যে সময়ে EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬। বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ের প্রতি বিশেষ নির্দেশনা:

ক) শিক্ষা প্রতিষ্ঠান হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলাম সংশ্লিষ্ট শিক্ষার্থী তথ্য প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Configuration এ শিক্ষার্থী তথ্য অংশের মাধ্যমে এ বিষয়ে নিশ্চিত হওয়া যাবে;

খ) শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত শিক্ষার্থী সংখ্যার সাথে Configuration এ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যার সামঞ্জস্যতা যাচাই করতে হবে। অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে এবং

গ) ''কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা ,২০২৩ অনুচ্ছেদ ০৯ এ উল্লেখিত 'আঞ্চলিক কমিটি' কর্তৃক গৃহীত রেজুলেশনের একটি অনুলিপি আবশ্যিকভাবে stipend.dte@gmail.com এ প্রেরণ করতে হবে।

৭। প্রতিষ্ঠান কর্তৃক https://dte.finance.gov.bd লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/আপডেট আগামী **২৬/১২/২০২৪ খ্রি. থেকে ১১/০১/২০২৫ খ্রি.**তারিখের মধ্যে নির্ভুলভাবে সম্পন্ন করতে হবে।

৮। প্রতিষ্ঠান থেকে প্রেরিত তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক যাচাই-বাছাই করে আগামী ২০/০১/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে DTE Stipend MIS এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

23.12.24

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ আগামী ১৪/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে মনিটরিং রিপোর্ট প্রেরণ করার অনুরোধ সহ);
৬। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ আগামী ১৪/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে মনিটরিং রিপোর্ট প্রেরণ করার অনুরোধ সহ);
৭। সিস্টেম অ্যানালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;
৯। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১২। সংশ্লিষ্ট নথি।